দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ২৩ কলাম ৬

# রাবির কর্মচারী প্রভিডেন্ড ফান্ডের ৬ কোটি টাকার হিসাব নেই

রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের কল্যাণ তহবিলের (পিএফ) প্রায় সাড়ে ৬ কোটি টাকার কোন হদিস নেই।

সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, ১৯৯৯-২০০০ অর্থবছরের শেষে এই খাতে অগ্রণী ব্যাংকে বিশ্ববিদ্যালয় শাখার একটি অ্যাকাউন্টে মোট স্থিতি ছিল ১২ কোটি ৮১ লাখ টাকা। পরবর্তী সময়ে এই অ্যাকাউন্ট থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৩ কোটি ১৯ লাখ টাকা ঋণ নেয়। এফডিআরসহ বিভিন্নভাবে এখন পিএফ ফান্ডে স্থিতির পরিমাণ মোট ৩ কোটি টাকা। সে হিসাবে ৬ কোটি ৬২ লাখ টাকার কোন হদিস নেই।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের আবর্তক বাজেটে ক্রমবর্ধমান ঘাটতির মুখে কর্তৃপক্ষ পিএফ ফান্ডের অর্থ খরচ করে ফেলেছে। তবে এই বিষয়ে যথাযথ পদ্ধতি অনুসরণ করা হয়নি। বাজেটে বর্তমানে ঘাটতির পরিমাণ প্রায় ১৫ কোটি টাকা। ফলে আগামী দু'বছর কোন শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগ না করতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে।

পিএফের বিপুল পরিমাণ অর্থের হদিস না থাকায় বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ক্ষুব্ধ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। সঞ্চিত অর্থের ভবিষ্যৎ নিয়ে তারা শংকিত।

জানা গেছে, অবসর গ্রহণকারীরা তাদের সঞ্চিত অর্থ ফেরত পেতে দিনের পর দিন হয়রান হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের বিএনপিপন্থী শিক্ষকরা ২১ জুলাই উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ করে এ বিষয়ে তাদের ক্ষোভ প্রকাশ করেছেন। এ বিষয়ে উপাচার্য অধ্যাপক সাইদুর রহমান খান শুক্রবার 'যুগান্তর'কে বলেছেন বিশ্ববিদ্যালয়ের প্রতিটি অর্থের যথাযথ হিসাব থাকে। এই অর্থ গায়েব হওয়ার কোন সুযোগ নেই।